

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স- ১২২৯

আগরতলা, ১৪ সেপ্টেম্বর, ২০২৪

**ত্রিপুরা ক্রিকেট অ্যাসোসিয়েশনের পুরস্কার বিতরণী অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী  
রাজ্য সরকার ক্রিকেটের উন্নয়নে সব ধরণের সহযোগিতা করবে**

জাতীয়স্তরের ক্রিকেটে রাজ্যের নাম উজ্জ্বল করতে ত্রিপুরা ক্রিকেট অ্যাসোসিয়েশনকে সর্বোত্তম প্রচেষ্টা চালিয়ে যেতে হবে। এক্ষেত্রে রাজ্য সরকার অন্যান্য খেলাধুলার পাশাপাশি ক্রিকেটের উন্নয়নেও সব ধরণের সহযোগিতা করবে। আজ রবীন্দ্র শতবার্ষিকী ভবনে ত্রিপুরা ক্রিকেট অ্যাসোসিয়েশনের পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণে মুখ্যমন্ত্রী প্রফেসর (ডি.) মানিক সাহা একথা বলেন। উল্লেখ্য, ত্রিপুরা ক্রিকেট অ্যাসোসিয়েশনের পুরস্কার বিতরণী অনুষ্ঠানে ২০১৯-২০, ২০২০-২১, ২০২১-২২, ২০২২-২৩ ও ২০২৩-২৪ বছরের বিভিন্ন ক্রিকেট টুর্নামেন্টের সফল ক্রিকেটার, বেস্ট প্লেয়ার, চ্যাম্পিয়ন ও রানার্স দলগুলোকে পুরস্কৃত করা হয়। এছাড়াও সেরা সংগঠক, প্রাক্তন ক্রিকেটার, সেরা গ্রাউন্ড স্টাফ, বেস্ট ক্লোরার, বেস্ট আম্পায়ার সহ আরও অনেককে অনুষ্ঠানমুক্তে সংবর্ধনা দেওয়া হয়। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী বলেন, ক্রিকেট সহ প্রতিটি খেলারই ফিটনেস একটা গুরুত্বপূর্ণ বিষয়। তাই ক্রিকেট খেলায় যুক্ত ছেলেমেয়েদের সঠিক প্রশিক্ষণের ব্যবস্থা করতে হবে ত্রিপুরা ক্রিকেট অ্যাসোসিয়েশনকে। এক্ষেত্রে যোগা, জিমন্যাস্টিকের মতো বিষয়গুলোকেও যুক্ত করার বিষয়েও টিসিএকে উদ্যোগ নিতে বলেন মুখ্যমন্ত্রী।

অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী বলেন, বর্তমানে বিভিন্ন খেলাধুলায় রাজ্য ক্রমশ এগিয়ে চলছে। এই ধারাবাহিকতা বজায় রাখার উপরও সকলকে সচেষ্ট থাকতে হবে। জাতীয়স্তরের বিভিন্ন ক্রীড়া প্রতিযোগিতায় সাফল্য অর্জন করতে হলে ছেলেমেয়েদের বেশি করে অনুশীলনের মাধ্যমে ফিটনেস বাড়াতে হবে। পড়াশুনার পাশাপাশি জীবনশৈলী গঠনের উপরও ছেলেমেয়েদের গুরুত্ব দিতে হবে। মুখ্যমন্ত্রী বলেন, রাজ্যবাসীর আশা রাজ্যেও একদিন আন্তর্জাতিক ক্রিকেটের আসর অনুষ্ঠিত হবে। নরসিংগড়ে নির্মিয়মান আন্তর্জাতিক ক্রিকেট স্টেডিয়ামের কাজ দ্রুত সম্পন্ন করার লক্ষ্যে রাজ্য সরকারের পক্ষ থেকে বিসিসিআই'র সঙ্গে কথাও বলা হয়েছে।

অনুষ্ঠানে ক্রীড়ামন্ত্রী টিংকু রায় বলেন, ত্রিপুরা ছোট রাজ্য হলেও বিভিন্ন খেলাধুলায় একটা সুনাম রয়েছে। প্রধানমন্ত্রীর মার্গদর্শনে রাজ্য সরকার রাজ্যের ক্রীড়া পরিকাঠামোর উন্নয়নে গুরুত্ব দিয়ে কাজ করছে। অনুষ্ঠানে ইভিয়ান প্রিমিয়ার লিগের (আইপিএল) চেয়ারম্যান অরুণ সিং ধূমাল বলেন, ছেলেমেয়েদের যেকোন খেলাধুলায় সফলতা পেতে হলে কঠোর অনুশীলনের উপর গুরুত্ব দিতে হবে। পড়াশুনার পাশাপাশি ছেলেমেয়েদের মধ্যে খেলোয়াড় সুলভ মনোভাব গড়ে তোলার উপর প্রয়াস নিতে হবে। ত্রিপুরার ক্রিকেটের উন্নয়নে বিসিসিআই'র সব ধরণের সহযোগিতা প্রদান করবে বলে তিনি রাজ্যবাসীকে আশৃত করেন।

অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে দেশের প্রাক্তন ক্রিকেটার দিলীপ বেঙ্গসরকার ত্রিপুরায়ও আগামীদিনে আন্তর্জাতিক ক্রিকেট ম্যাচের আয়োজনের সম্ভাবনার কথা ব্যক্ত করেন। অনুষ্ঠানে এছাড়াও বক্তব্য রাখেন ত্রিপুরা ক্রিকেট অ্যাসোসিয়েশনের সভাপতি তপন লোধ ও সচিব সুব্রত দে। অনুষ্ঠানমুক্তে সফল খেলোয়াড়দের হাতে পুরস্কার তুলে দেন মুখ্যমন্ত্রী সহ অন্যান্য অতিথিগণ।

\*\*\*\*\*